



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.২০৫

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৬

০১ মার্চ ২০২০

বিষয়: ঢাকা বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে ১২৫০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচলসূচি জারির পূর্বানুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ২৭/০২/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০২.১৯-৬০৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা বিভাগে চলতি আমন সংগ্রহ/২০১৯-২০ মৌসুমে সিদ্ধ/ফলিত চাল গ্রহণের স্বার্থে খালিজায়গা সৃষ্টির লক্ষ্যে এবং ময়মনসিংহ ও নেত্রকোনা জেলা হতে আপতকালীন মজুত গড়ার স্বার্থে তেজগাঁও সিএসডি'র খাদ্যশস্যের মজুত, খালি জায়গা, স্বল্প দূরত্ব এবং রুট দূরত্ব মামলা বিবেচনায় চলাচল সূচির জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নেত্রকোনা ও ময়মনসিংহ জেলার কতিপয় এলএসডিতে আমন'১৯-২০ সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে যেসকল এলএসডিতে ধারণ ক্ষমতা অতিরিক্ত খাদ্যশস্যের মজুত রয়েছে ঐ সকল এলএসডি হতে অটো রাইচ মিলের উন্নতমানের চাল তেজগাঁও সিএসডিতে ১২৫০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচল সূচির পূর্বানুমোদন নিম্নোক্তভাবে নির্দেশক্রমে প্রদান করা হলো।

সারণি-১ : ঢাকা বিভাগে সিদ্ধ চাল চলাচল সূচির পূর্বানুমোদন এর প্রস্তাব


ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র		প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নেত্রকোনা	বারহাট্টা	এলএসডি	ঢাকা	তেজগাঁও	সিএসডি	২০০	আমন'১৯-২০ সিদ্ধ চাল	সড়ক	
২.	ঐ	মোহনগঞ্জ	"	ঐ	ঐ	"	৩০০	ঐ	ঐ	
৩.	ঐ	কেন্দুয়া	"	ঐ	ঐ	"	১৫০	ঐ	ঐ	
৪.	ময়মনসিংহ	ভালুকা	"	ঐ	ঐ	"	৩০০	ঐ	ঐ	
৫.	ঐ	তারাকান্দা	"	ঐ	ঐ	"	৩০০	ঐ	ঐ	
					মোট =		১২৫০			

অনুসরণীয় নির্দেশনাঃ

- (১) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে।
- (২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১-৩-২০২০
মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.২০৫/১(৯)

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৬
০১ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা, ঢাকা।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ, ঢাকা।



১-৩-২০২০
মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক